



# করোনা (COVID 19) জীবানুমুক্তকরন এবং পরিবেশগত সংক্রমন রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেজিওর (SOP)

প্রথম সংস্করণ

১৫.০৩.২০২০



## ১। উদ্দেশ্যঃ

- ১.১। কোভিড-১৯ এর বিস্তার রোধে পরিবেশগত পরিষ্কার পরিচ্ছন্নতা এবং জীবাণুরোধে সঠিক গাইডলাইন সরবরাহ করা।
- ১.২। সেবাদানকারী, রোগী এবং পরিদর্শনকারীর স্বাস্থ্য সুরক্ষিত করার জন্য নিরাপদ, পরিষ্কার এবং স্বাস্থ্যকর পরিবেশ বজায় রাখা।

## ২। লক্ষ্যঃ

- ২.১। এই পদ্ধতিটি জীবানুমুক্তকরন সম্পর্কিত সমস্ত স্বাস্থ্যসেবা ক্ষেত্রে প্রযোজ্য যা রোগের সন্দেহযুক্ত বা নিশ্চিত হওয়ার ক্ষেত্রে মোকাবেলা করে।

## ৩। দায়িত্বঃ

- ৩.১। দায়িত্বরত কর্মীরা পুরো প্রক্রিয়াটি মেনে চলার জন্য দায়বদ্ধ।
- ৩.২। সংশ্লিষ্ট স্বাস্থ্যসেবা প্রশাসন উপযুক্ত সরবরাহ করার জন্য দায়বদ্ধ।

## ৪। কার্যপ্রণালীঃ

### ৪.১। উপাদান এবং সরঞ্জামসমূহ

- ৪.১.১। দুই/তিন বালতি পদ্ধতি
- ৪.১.২। মপ বা মোছার কাজে ব্যবহৃত লম্বা হাতলযুক্ত লাঠি (মপের মাথা নরম সুতি বা মাইক্রোফাইবার দিয়ে তৈরিকৃত হতে হবে)
- ৪.১.৩। পরিষ্কার করার কাপড় বা ন্যাকরা (সুতি বা মাইক্রোফাইবার দিয়ে তৈরিকৃত)
- ৪.১.৪। জীবাণুনাশক উপাদান যেমনঃ সোডিয়াম হাইপোক্লোরাইট
- ৪.১.৫। গ্লাভস, গাউন, ফেস মাস্ক এবং প্রতিরক্ষামূলক পায়ের পোশাকের মতো ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী
- ৪.১.৬। স্পিল কিট (ছড়িয়ে পড়া তরল পদার্থের ব্যবস্থাপনা কিট)
- ৪.১.৭। সাধারণ সাবান বা ডিটারজেন্ট
- ৪.১.৮। হাত পরিষ্কারক সরঞ্জামাদি
- ৪.১.৯। অ্যালকোহলসমৃদ্ধ হ্যান্ড রাব
- ৪.১.১০। বোতল
- ৪.১.১১। পরিষ্কারক কার্ট/ ট্রলি
- ৪.১.১২। পরিষ্কারকঃ অ্যামোনিয়াম, অ্যালকোহল (ইথাইল বা আইসোপ্রোপাইল) বা ক্লোরিনযুক্ত পদার্থ যেমন ব্লিচ, ইম্পুভড হাইড্রোজেন পার অক্সাইড ইত্যাদি
- ৪.১.১৩। ব্লিচ বা ক্ষারবিহীন ডিটারজেন্ট

### ৪.২। জীবানুনাশকের মাত্রা

- ৪.২.১। সোডিয়াম হাইপোক্লোরাইট সমৃদ্ধ দ্রবন/সল্যুশন (ব্লিচ)

- সোডিয়াম হাইপোক্লোরাইট সমৃদ্ধ সল্যুশন যেমনঃ ব্লিচে ৫০ গ্রাম/লিটার (৫%) ক্লোরিন থাকে এবং এর চূড়ান্ত ঘনত্ব যথাক্রমে ১ গ্রাম/লিটার (১%) এবং ৫ গ্রাম/লিটার (০.৫%) পেতে এটি ১:৫০ বা ১:১০ পাতলা হতে হবে। বানিজ্যিকভাবে তৈরিকৃত ব্লিচে সাধারণত প্রায় ১২০ গ্রাম/লিটার পরিমাণ সোডিয়াম হাইপোক্লোরাইটের ঘনত্ব হয়ে থাকে। তাই উল্লেখিত ঘনমাত্রা অর্জন করতে অবশ্যই সেই অনুযায়ী তা পাতলা করতে হবে।
- আশপাশের যে অংশগুলো বার বার স্পর্শ করা হয় তা নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে ঘরোয়া জীবাণুনাশক যেমন ব্লিচের পাতলা মিশ্রণ দ্বারা পরিষ্কার করতে হবে। ( সঠিক অনুপাতের জন্য ৯ ভাগ পানিতে ১ ভাগ ব্লিচ মিশাতে হবে।)
- ক্যালসিয়াম হাইপোক্লোরাইটের  $\{Ca(ClO)_2\}$  দানা বা ট্যাবলেটগুলোতে সাধারণত প্রায় ৭০% ক্লোরিন থাকে।
- ক্যালসিয়াম হাইপোক্লোরাইটের দানা বা ট্যাবলেটগুলো দ্বারা তৈরিকৃত মিশ্রণ যদি ১.৪ গ্রাম / লি এবং ৭.০ গ্রাম / লি অনুপাতের হয়, তবে এতে যথাক্রমে ১.১০ গ্রাম / লি এবং ৫ গ্রাম / লি উপলব্ধ ক্লোরিন থাকবে।
- ক্লোরিন গ্যাস অত্যন্ত বিষাক্ত। তাই যেসকল স্থানে বাতাস চলাচল করার সুষ্ঠু ব্যবস্থা রয়েছে শুধুমাত্র সেসকল জায়গায় ব্লিচ সংরক্ষণ এবং ব্যবহার করতে হবে। অ্যাসিড জাতীয় দ্রব্যের সাথে ব্লিচ মেশানো যাবেনা।

### ৪.২.২। ইথানল

- ইথানল এবং ২-প্রোপানলের মধ্যে একই ধরনের জীবাণুনাশক নাশক বৈশিষ্ট্য রয়েছে। এই উপাদানগুলো লিপিডযুক্ত ভাইরাসের বিরুদ্ধে সক্রিয় কাজ করলেও স্পোরের বিরুদ্ধে কার্যকর নয়। লিপিডবিহীন ভাইরাসগুলোতে এদের কার্যক্ষমতা পরিবর্তনশীল। সর্বাধিক কার্যকারিতার জন্য এইসকল উপাদানগুলো পানিতে প্রায় ৭০% ঘনত্বে ব্যবহার করা উচিত: এর চেয়ে উচ্চতর বা নিম্নতর ঘনত্ব জীবাণুনাশক হিসেবে কাজ নাও করতে পারে।
- অ্যালকোহলযুক্ত জলীয় দ্রবণগুলোর একটি বড় সুবিধা হল এরা ব্যবহৃত স্থানে কোনও অবশিষ্টাংশ রেখে যায় না।
- শুধুমাত্র অ্যালকোহল ব্যবহার না করে, এর সাথে অন্যান্য এজেন্টের মিশ্রণ তৈরি করে ব্যবহার করলে তা অধিক কার্যকরী ক্ষমতা প্রকাশ করে। যেমনঃ ৭০% অ্যালকোহলের সাথে ১০০ গ্রাম/ লিটার ফর্মালডিহাইডের এর মিশ্রণ এবং ২ গ্রাম /লিটার ক্লোরিনযুক্ত অ্যালকোহল।
- ইথানলের ৭০% জলীয় দ্রবণ ত্বকে ব্যবহার সম্ভব। সেই সাথে কর্মস্থলের আশপাশ, ল্যাবরটোরির বেঞ্চে, বায়োসেফটি ক্যাবিনেটে এবং চিকিৎসা কাজে ব্যবহৃত ছোট ছোট যন্ত্র পরিষ্কার কাজে ব্যবহার করা যেতে পারে।
- ইথানল ব্যবহারে ত্বক শুষ্ক হয়ে থাকে বিধায় এর সাথে প্রায়শই ত্বক কোমলকারী উপাদান মিশ্রিত করা হয়।
- যেসকল জায়গায় হাত ধোয়ার জন্য সুবিধাজনক স্থান নেই সাধারণত সেখানে অ্যালকোহল ভিত্তিক হ্যান্ড রাব ব্যবহার করতে বলা হয়।

### ৪.৩। স্থানীয় পরিবেশ পরিষ্কার

#### ৪.৩.১। মেঝে পরিষ্কার রাখার পদ্ধতি

- দুই বালতি পদ্ধতি (নিয়মিত পরিষ্কারের জন্য); একটি বালতিতে যেকোন পরিষ্কারক বা ডিটারজেন্ট নিতে হবে এবং অপর বালতিতে পানি।
- তিন বালতি পদ্ধতি (জীবাণুনাশক হিসেবে); একটি বালতিতে যেকোন পরিষ্কারক বা ডিটারজেন্ট নিতে হবে, একটি বালতিতে পানি এবং আরেক বালতিতে যেকোন জীবাণুনাশক উপাদান থাকবে।
- মাত্রাতিরিক্ত দূষিত স্থান এবং বস্তুকে অধিকহারে পরিষ্কার রাখতে হবে।
- যে স্থানগুলো বার বার স্পর্শ করা হয় তা পরিষ্কার রাখতে হবে।
- সরবরাহ পর্যাপ্ত রয়েছে কিনা তা দেখার জন্য প্রাথমিক সাইট মূল্যায়ন পরিচালনা করতে হবে, যে কোনও সমস্যা সমাধান বা কিছু প্রতিস্থাপন করা প্রয়োজন কিনা তা লক্ষ্য রাখতে হবে।
- পরিষ্কার স্থান হতে পর্যায়ক্রমে ময়লা স্থান পরিষ্কার করা; অধিক ময়লা স্থান পরিষ্কার করার পূর্বে পরিষ্কার স্থানগুলো আগে পরিষ্কার করতে হবে যেন জীবাণু না ছড়ায়।

- উচ্চস্থান হতে নিচুস্থান পরিষ্কার করা; মেঝে পরিষ্কারের পূর্বে বাতাস স্পর্শ করে এমন স্থানগুলো আগে পরিষ্কার করতে হবে।
- পরিষ্কার কার্যে একটি নির্দিষ্ট নিয়ম মেনে চলুন।
- দ্রুত শরীর পরিষ্কার করুন।

### ৪.৩.২ রোগীদের সেবার জায়গা এবং সরঞ্জামের জীবাণুমুক্তকরণঃ

- যেখানে রোগীদের সেবা দেওয়া হয় এবং যা প্রায়ই স্পর্শ হয় সেসব জায়গা পরিষ্কার এবং সংক্রমণমুক্ত করুন।
- প্রথমে পরিষ্কার করার জন্য সাবান বা ডিটারজেন্ট যা আমরা ঘরে ব্যবহার করি তা ব্যবহার করতে হবে। তারপর খুয়ে ফেলার পর, নিয়মিত ঘরে ব্যবহৃত জীবাণুনাশক ০.৫% সোডিয়াম হাইপোক্লোরাইট (যেমন ৫০০০ পিএম সমতুল্য বা ৯ ভাগ পানির সাথে ১ ভাগ ব্লিচ) প্রয়োগ করতে হবে।
- পরিষ্কার এবং সংক্রমণমুক্ত করতে প্রশিক্ষিত ও দক্ষ ক্লিনার / পরিচ্ছন্নতাকর্মী নিয়োগ করুন।
- সংক্রমণমুক্তকরণের পদ্ধতি এর ব্যাপারে আগেই তাদের প্রশিক্ষণ দিন এবং জীবাণুনাশক পদ্ধতি তদারকি করুন।
- পরিষ্কার এর কাজ শুরু করার আগে যথাযথভাবে ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) পরিধান করুন।
- ডিটারজেন্ট ও পানি দিয়ে যেসব জায়গা সংক্রমণমুক্ত করতে হবে তা পরিষ্কার করুন।
- জীবাণুনাশক এমন বোতলে রাখতে হবে যেন বোতল চেপে চেপে (Squeeze Bottle) জীবাণুনাশক ঢালা / বের করা যায়।
- পর্যাপ্ত সময় নিন যাতে জীবাণুনাশক সঠিকভাবে কাজ করে।
- একবার ব্যবহার করা যায় বা সাবান পানি শুষে নেয় এমন কাপড় দ্বারা খুবই যত্ন সহকারে পানি অভেদ্য জায়গা পরিষ্কার করুন।
- ঘরে ব্যবহারের ডিটারজেন্ট/সাবান ও পানি বা কাপড় ধোয়ার মেশিন দ্বারা ৬০ থেকে ৯০ ডিগ্রি তাপমাত্রায় রোগীর কাপড়, বিছানার চাদর এবং ব্যবহৃত গামছা পরিষ্কার করুন, এবং সম্পূর্ণভাবে শুকিয়ে ফেলুন। দূষিত বা ময়লা কাপড়গুলোকে কাপড় ধোয়ার ব্যাগের ভিতর রাখুন। ধোয়ার ব্যাগ কখনই ঝাঁকবেন না যাতে দূষিত পদার্থ বের হয়ে তা শরীর অথবা অন্য কোন কাপড় দূষিত করতে না পারে
- যেসব জায়গা সরানো সম্ভব/পানি প্রবেশ করতে পারে এমন জায়গা (permeable surface) তা সরিয়ে ফেলুন বা পরিবর্তন করুন অথবা ০.০৫% (৫০০ পিপিএম) সোডিয়াম হাইপোক্লোরাইড এ ৩০ মিনিট ভিজিয়ে রাখুন
- জায়গাটি শুকানোর জন্য সময় দিন এবং আবার ভিজা কাপড় দিয়ে পরিষ্কার করুন
- ব্যবহারের পর গ্লাভস অথবা হাতমোজা সাবান পানি দিয়ে পরিষ্কার করুন এবং ০.৫% সোডিয়াম হাইপোক্লোরাইড দ্রবণ দিয়ে জীবাণুমুক্ত করুন। একবার ব্যবহার উপযোগী গ্লাভস অথবা হাতমোজা (যেমন- nitrile বা latex) প্রতিবার ব্যবহারের পর ফেলে দিন। উপযুক্ত জায়গায় ফেলুন। হাতমোজা বা গ্লাভস ব্যবহারের আগে এবং পরে হাত ভালোভাবে পরিষ্কার করুন।

### ৪.৪ পাত্র থেকে কিছু পরে গেলে তা পরিষ্কারের পদ্ধতিঃ

#### ৪.৪.১ কোন জীবাণু সংক্রমিত যন্ত্রপাতি বা তরল পড়ে গেলে তা নিম্ন উপায়ে পরিষ্কার করুন।

- জায়গাটি থেকে সরে যান এবং সেটির সীমানা নির্ধারণ করুন। (demarcate it)
- হাতমোজা এবং ব্যক্তিগত সুরক্ষা কাপড় যেমন জুতার কাভার, মুখ এবং চোখের রক্ষার উপাদান ইত্যাদি পরিধান করুন।
- যে জায়গায় সংক্রমিত তরল বা যন্ত্রপাতি পড়ে গিয়েছে তা কাপড় অথবা কাগজের তোয়ালে দিয়ে ঢেকে দিন যাতে তা তরল শুষে নিতে পারে
- প্রশমিত ডিটারজেন্ট (neutral detergent) এবং পানি দিয়ে পরিষ্কার করুন

- এরপর যথাযথ জীবানুনাশক কাপড়ের তোয়ালের উপর এবং ঐ জায়গায় চারপাশে ছড়িয়ে দিন (সাধারণত, ৫% ব্লিচ দ্রবণ যথেষ্ট, তবে **জীবাণু সংক্রমিত তরল পদার্থ যদি উড়োজাহাজের মধ্যে পরে, তবে সেক্ষেত্রে এমোনিয়াম সমৃদ্ধ (quaternary ammonium) জীবানুনাশক ব্যবহার করতে হবে**)
- ঐ জায়গায় বাইরের দিকের কিনারা বরাবর প্রথমে জীবাণুনাশক ছড়িয়েদিন এবং ধীরে ধীরে কেন্দ্রের দিকে দিন
- ৩০ মিনিট সময় নিন পরিষ্কার হতে। এরপর জায়গাটি পরিষ্কার করে ফেলুন
- যন্ত্রটি যদি ভাঙ্গা কাচের খন্ড হয় বা ধারালো জিনিস হয় তাহলে খুব সাবধানের সাথে সাথে উপযুক্ত যন্ত্র যেমন ডাস্টপ্যান বা শক্ত কার্ড বোর্ড ব্যবহারের মাধ্যমে তুলে নিন এবং নির্দিষ্ট জায়গায় (**puncture resistant container**) ফেলুন এবং ভস্মীকরণ/পুড়ে ফেলার (**incineration**) জন্যে পাঠিয়ে দিন।
- প্রয়োজনে উপরোক্ত পদ্ধতিটি পুনরাবৃত্তি করে জায়গাটি পরিষ্কার করতে পারেন
- জায়গাটি পরিষ্কার করার পর তা নির্দিষ্ট ফর্মে লিপিবদ্ধ করুন এবং কর্তৃপক্ষকে অবহিত করুন যে জায়গাটি জীবাণুমুক্ত করা হয়েছে

## ৪.৫ অ্যান্ডুলেস জীবাণুমুক্তকরণঃ

### ৪.৫.১ স্থান নির্ণয় করা

- অ্যান্ডুলেস জীবাণুমুক্ত করার জন্য খোলামেলা স্থানের পরিবর্তে এমন হল/প্রকোষ্ঠ নির্ধারণ করুন যেখানে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থা রয়েছে।
- যারা জীবাণুমুক্ত করবে তাদের জন্য এবং সর্বসাধারণের জন্য নিরাপত্তা সম্বলিত একটি নির্দিষ্ট নিয়ম নীতি তৈরি করুন
- সংক্রমণমুক্ত জায়গা নির্ধারণের ক্ষেত্রে বর্জ্য ব্যবস্থাপনা, নিরাপত্তা, সর্বসাধারণের অনুভূতি এবং মিডিয়া দৃষ্টিভঙ্গির প্রতি লক্ষ্য রাখুন
- পরিবেশের কোন ক্ষতি করবে কিনা সে বিষয়ে লক্ষ্য রাখুন। অবস্থানের উপর ভিত্তি করে, এমন জায়গা নির্ধারণ করা উচিত যেখানে পরিবেশের উপরে ক্ষতিকর প্রভাব প্রতিরোধ করা যায়।
- অ্যান্ডুলেসের চারপাশে বিভিন্ন জায়গার দূষণের মাত্রার উপর ভিত্তি করে লাল বা গরম(Hot), হলুদ বা উষ্ণ (Warm )এবং সবুজ বা ঠান্ডা (Cold) জোন হিসাবে নির্ধারণ এবং চিহ্নিত করুন যাতে বুঝা যায় প্রবেশের পূর্বে ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) প্রয়োজন হবে

### ৪.৫.২ পরিষ্কার করার পূর্বেঃ

- রোগীর সেবা দানকারীরা (দূষিত PPE পরিহিত অবস্থায়) সকল যন্ত্রপাতি, কাপড় এবং বর্জ্য গাড়ি ত্যাগ করার পূর্বেই গাড়ি থেকে সরিয়ে নিবেন। তা Hot বা লাল চিহ্নিত জায়গাতে রাখবেন। ( অ্যান্ডুলেস জীবাণুমুক্তকরণের ক্ষেত্রে, Warm বা হলুদ জায়গা নির্ধারণ করে সেখানে বর্জ্য ড্রাম/ব্যাৱেল রাখা যেতে পারে যেখানে Hot বা লাল চিহ্নিত জায়গায় প্রবেশ না করেই সরাসরি বর্জ্য সম্বলিত ব্যাগ রাখা যায়।
- সকল বর্জ্য যেমন ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE), মোছার জন্য ব্যবহৃত সকল কাপড়চোপড় জীবাণুমুক্ত পদার্থ হিসেবে চিহ্নিত করতে হবে এবং তা ধবংস বা পুড়ানোর জন্য সতর্কতা সহকারে পুটুলি/ ব্যাগভর্তি করতে হবে
- ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) পরিধানপূর্বক ড্রাইভার অথবা তার সহযোগী গাড়ীটির যে জায়গাটুকু ব্যবহৃত হয় সেটুকু পরিষ্কার এবং জীবাণুমুক্ত করার জন্য দায়িত্বশীল থাকবে। এক থেকে দুইজন পরিষ্কার করবে এবং জীবাণুমুক্ত করবে। ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) পরিহিত তৃতীয়জন তা পর্যবেক্ষণ করবে এবং প্রয়োজন হলে সাহায্য করবে।
- পরিচ্ছন্ন বাহিনী নির্দিষ্ট নিয়ম অনুযায়ী ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (PPE) পরিষ্কার করবে

- যদি কোন জায়গায় রোগীর শরীরের কোন তরল দ্বারা দূষিত হয়েছে দৃশ্যমান হয় তা আগে পরিষ্কার করতে হবে। এক্ষেত্রে তরল শোষণ করার জন্য শোষণকারী পদার্থ ব্যবহার করার পূর্বে নিবন্ধিত (EPA-registered) জীবাণুনাশক দ্বারা যেখানে উপযুক্ত সময় দিতে হবে যাতে তা জীবানুমুক্ত হয়

#### 8.৫.৩ পরিষ্কার ও জীবানুমুক্ত করন

- অ্যান্ডুলেসের ঢোকান পথ থেকে পরিষ্কার করা শুরু করতে হবে এবং ধীরে ধীরে অপরিষ্কার জায়গায় যেতে হবে। এভাবে পরিচ্ছন্নতাকর্মীরা সবসময় পরিচ্ছন্ন থাকবে যেহেতু তারা অ্যান্ডুলেসের একদিক (প্রবেশ মুখ) থেকে পরিষ্কার করতে করতে আরেক মুখ দিয়ে বের হবে।
- কোম্পানির নির্দেশনা মোতাবেক ই পি এ রেজিস্টারকৃত জীবাণুনাশক গুলো মিশ্রন করুন। সকল পদার্থের জন্য নির্দেশিকা দেওয়া থাকবে কিভাবে পরিষ্কার এবং জীবাণুনাশক করতে হবে। যেমন জীবানুমুক্ত হওয়ার জন্য, জীবাণুনাশক দেওয়ার পর কতক্ষণ সময় জায়গাটি ভেজা থাকতে হবে (dwell time)
- একবার ব্যবহার করে ফেলে দেওয়া যায় এমন কাপড় দিয়ে গাড়ির সকল স্থান পরিষ্কার করুন
- সকল জায়গা বা তল থেকে দৃশ্যমান সব ময়লা পরিষ্কার করে ফেলুন
- জায়গাটি নির্দিষ্ট সময়ের জন্য (dwell time) ভেজা অবস্থায় রেখে দিন যাতে জীবানুমুক্ত হওয়ার সুযোগ পায়। যদি প্রয়োজন হয় উপরের পদ্ধতিটি আবার ব্যবহার করতে পারেন
- পরিষ্কার করার পর আপনার কাপড়টি খুলে নির্দিষ্ট ব্যাগে রেখে দিন। কাপড়টি বায়োহাজারড (Bio Hazzard) ব্যাগে রাখুন।
- অ্যান্ডুলেসের এর বাহির পাশের সম্ভাব্য সকল সংক্রামিত অংশ যেমন প্রবেশ মুখের হাতল এবং যেকোন জায়গা জীবানুমুক্ত করার লক্ষ্যে হাত দ্বারা (Manually) মুছুন। অ্যান্ডুলেসের এর বাহির পাশের সম্পূর্ণ অংশ জীবানুমুক্ত করার উদ্দেশ্যে মোছার প্রয়োজন নেই।
- 

#### 8.৫.৪। অ্যান্ডুলেস পরিষ্কার করার পর, পুনরায় ব্যবহারযোগ্য চিকিৎসা সরঞ্জাম পরিষ্কার করুন

- উপরের উল্লিখিত প্রক্রিয়াটি ব্যবহার করে চিকিৎসা কাজে প্রস্তুতিকৃত কিন্তু অব্যবহৃত সরঞ্জামের বাইরের অংশ জীবানুমুক্ত করতে হবে (সুরক্ষামূলক ব্যাগের ভিতরে রেখে)।
- যদি ট্রানজিটে কোনও প্রতিরক্ষামূলক ব্যাগ থেকে সরঞ্জামগুলি সরানো হয়ে থাকে, তবে সেই সরঞ্জামগুলি পুনঃমূল্যায়ন করতে হবে সঠিকভাবে পরিষ্কার এবং জীবানুমুক্ত করা যায় কিনা তা নির্ধারণ করতে।

8.৫.৫। পরিষ্কার এবং জীবানুমুক্তকরণ কাজ শেষ হয়ে গেলে, এই কাজে ব্যবহৃত সমস্ত বর্জ্যগুলোকে সংক্রামক বর্জ্য হিসাবে পৃথক করে সংগ্রহ এবং প্যাকেজ করতে হবে।

8.৫.৬। সংস্থার প্রোটোকল অনুসারে এবং বিভাগের স্থানীয় ও ফেডারেল বিধিবিধান অনুযায়ী সমস্ত সংক্রামক বর্জ্য পদার্থ "এ" নামে চিহ্নিত করে ধ্বংস করতে হবে।

8.৫.৭। চেকলিস্ট অনুযায়ী পিপিই অপসারণ করতে হবে। তৃতীয় ব্যক্তি যিনি কোন্ড জোনে ছিলেন (কোন্ড জোন বলতে এমন একটি অঞ্চল হিসাবে বিবেচনা করা হয় যা রোগজীবাণু মুক্ত এবং ঝুঁকিপূর্ণ নয়। এই অঞ্চলে অবস্থানকারী ব্যক্তিদের পিপিই পড়ার দরকার নেই, শীত অঞ্চল হওয়ায় কোন্ড জোন নিজেই একটি পিপিই এলাকা হিসাবে কাজ করে।) তিনি ডফিং বা পিপিই খোলার প্রোটোকল অনুসারে তদারকি করবেন।

**5. Reference:**

- 5.1. Medical waste management: ICRC, 2011.
- 5.2. WHO laboratory biosafety manual 3<sup>rd</sup> Edition. 2004.
- 5.3. Section D2: Biological waste handling, Environmental Health and Safety Guide, Princeton University. USA, 2009
- 5.4. WHO Guidelines on core components of infection prevention and control programmes at the national and acute health care facility level. 2016.
- 5.5. Garner JS. Guideline for isolation precautions in hospitals. The Hospital Infection Control Practices Advisory Committee. Infect Control Hosp Epidemiol. 1996;17:53–80. [\[PubMed\]](#) [\[Google Scholar\]](#)
- 5.6. Siegel JD, Rhinehart E, Jackson M, Chiarello L. 2007 guideline for isolation precautions: preventing transmission of infectious agents in health care settings. Am J Infect Control. 2007;35(10 Suppl 2):S65–S164. [\[PubMed\]](#) [\[Google Scholar\]](#)
- 5.7. Isakov, A., Jamison, A., Miles, W., & Ribner, B. Safe management of patients with serious communicable diseases: recent experience with Ebola virus. Annals of internal medicine. 161(11): 829-830.
- 5.8. WHO Home care for patients with suspected novel coronavirus (COVID-19) infection presenting with mild symptoms, and management of their contacts. Interim Guidance. 4<sup>th</sup> February 2020
- 5.9. CDC Best Practices for environmental cleaning in health care facilities in Resource Limited Settings November 2019

**6. Records:**

- 6.1. Data Sheet for Environmental Cleaning

**Ward/Sec/Unit:** \_\_\_\_\_ **Date:** \_\_\_\_\_

	Mon	Tues	Wed	Thu	Fri	Sat	Sun
Name of cleaner							
Cleaning agent used							
Frequency of cleaning							

**Data Verified By:** \_\_\_\_\_ **O/I:** \_\_\_\_\_